গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পারসোনেল-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

দেশের সকল ইউনিয়নে এবং সিটি কর্পোরেশনে ওয়ার্ড ভিত্তিক "সুস্বাস্থ্য কেন্দ্র (Health & Wellbeing Center) এর জন্য রাজস্বখাতে "সুস্বাস্থ্যকর্মী (Health & Wellbeing Worker)" নিয়োগ ও পদ সৃজন সংক্রান্ত।

সভাপতি	
সভার তারিখ	০৬ অক্টোবর ২০২৬
সভার সময়	বেলা ০২:৩০ টা
স্থান	কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩, স্বাস্থ ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-'ক' সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পার-৪) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান দেশের সকল ইউনিয়নে এবং সিটি কর্পোরেশনে ওয়ার্ড ভিত্তিক 'সুস্বাস্থ্য কেন্দ্র (Health & Wellbeing Center) এর জন্য রাজস্বখাতে 'সুস্বাস্থ্য কর্মী (Health & Wellbeing Worker)' এর পদ সৃজন, নিয়োগ প্রক্রিয়া এবং কোন অধিদপ্তরের মাধ্যমে হবে এ বিষয়ে আলোচনা/পর্যালোচনা প্রয়োজন।

০২। সভায় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী জানান, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনাকে সর্বজনীন ও গনমুখী করে গড়ে তুলতে হবে। তিনি জানান কাঠামো অপরিবর্তিত রেখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে পুনর্গঠন করে Department Of Primary Health Care (DPHC) নামে নতুন অধিদপ্তর গঠন করা প্রয়োজন। তিনি আরও জানান, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট এর CHCP জনবল এবং স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী (HA) ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের FWA-সহ জনবল এ অধিদপ্তরের সাথে একীভূত হবে। সে অনুযায়ী প্রয়োজনীয় জনবল কাঠামো প্রণয়ন করতে হবে। এ অধিদপ্তরের আওতাধীন দেশের প্রতিটি ইউনিয়নে সাড়ে তিন তলা বিশিষ্ট প্রাথমিক হেলথ কেয়ার সেন্টার স্থাপন করা হবে। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দেশের সকল ইউনিয়নে এবং সিটি কর্পোরেশনে সকল ওয়ার্ড ভিত্তিক 'সুস্বাস্থ্য কেন্দ্র (Health & Wellbeing Center) এর জন্য রাজস্বখাতে 'সুস্বাস্থ্য কর্মী (Health & Wellbeing Worker)' এর আরও ০১ (এক) লক্ষ্য জনবল সৃজন করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী (HA) কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট এর কমিউনিটি হেলথ কেয়ার প্রভাইডার (সিএইচসিপি) এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরে বিদ্যমান পরিবার কল্যাণ সহকারী ও পরিবার পরিকল্পনা পরিদর্শক (এফপিআই) পদসমূহ সুস্বাস্থ্য কর্মী পদের সাথে পরবর্তীতে একীভূত করতে হবে। একীভূত করণের ক্ষেত্রে কেউ যেন আর্থিক এবং প্রশাসনিক ও সামাজিকভাবে ক্ষতিগ্রস্থ না হয় সে দিকে বিশেষভাবে নজর রাখতে হবে।

০৩। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, পরিবার পরিকল্পনা অধিদপ্তর পুনর্গঠন করে DepartmentOf Primary Health Care (DPHC) নামে নতুন অধিদপ্তর গঠনের জন্য এ বিষয়ের সাথে সংশ্লিষ্টদের নিয়ে একটি কমিটি গঠন করা প্রয়োজন। উক্ত কমিটি নতুন অধিদপ্তরের রূপরেখা, জনবল কাঠামো প্রণয়ন, ক্যারিয়ার প্ল্যান, কার্যপরিধি নিয়ে প্রয়োজনীয় মতামত প্রদান করবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (ক) Department Of Primary Health Care (প্রাথমিক স্বাস্থ্য সেবা অধিদপ্তর) নামে নতুন একটি অধিদপ্তর পূনর্গঠন এবং এই নতুন অধিদপ্তরের রূপরেখা, জনবল কাঠামো প্রণয়ন, ক্যারিয়ার প্ল্যান, কার্যপরিধি নির্ধারনের নিমিত্ত নিম্নলিখিত কমিটি গঠণ করা হলো:

১	অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ	সভাপতি
২	যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
৩	যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	সদস্য
৪	প্রতিনিধি, কমিউনিটি ক্লিনিক সহায়তা ট্রাস্ট	সদস্য
৫	পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
৬	পরিচালক (পরিকল্পনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
৭	উপসচিব (প্রশাসন-১)	সদস্য-সচিব

(গ) বর্ণিত কার্যক্রম ২০ কর্মদিবসের মধ্যে সম্পন্ন করবে।

(ঘ) উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের নিয়ে আগামী ১৫/১০/২০২৬ তারিখের পরে প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারীর উপস্থিতিতে বেশ কয়েকটি ডে লং কর্মশালার আয়োজন করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪-১১-২০২৬
ড. আ. ন. ম বজলুর রশীদ
সচিব
ইমেইল : secretary@hsd.gov.bd

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৫০.১৫.০০২১.২৬.৫৬৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩। অতিরিক্ত সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৪। যুগ্মসচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ।

০৮-১১-২০২৬
সজীব আহমেদ
সিনিয়র সহকারী সচিব